2026

BENGALI

(Major)

Paper : BEN4400404 MJ

(জীবনীসাহিত্য ও স্মৃতিকথা)

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলোর অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) বিয়ের পর রাসসুন্দরী দেবী পিত্রালয় ত্যাগ করে কোন্ গ্রামে এসেছিলেন ?

(খ) ১২১৬ সালের কোন্ মাসে রাসসুন্দরী দেবীর জন্ম হয় ?

(গ) রবীন্দ্রনাথের ছেলেবেলায় চাকরদের সর্দার কে ছিলেন ?

(ঘ) মাস্টারমশায় মিটমিটে আলোয় কার ফার্স্ট বুক পড়াতেন ?

(ঙ) "দৈত্যকূলে প্রহ্লাদের মতো তিনিই ছিলেন পুলিস-কর্মচারীদের মধ্যে একমাত্র ভদ্রলোক।" এখানে কার কথা বলা হয়েছে ?

(চ) মাণিকতলার বাগানটি কাদের ছিল ?

(ছ) শঙ্করাচার্য কত বছর বয়সে গৃহত্যাগী হয়েছিলেন ?

(জ) কে বিবেকানন্দকে 'বেঁটে শালা' বলে ডাকতেন ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) রাসসুন্দরী দেবীর প্রথম দুটি সন্তানের নাম লেখো।

(খ) রাসসুন্দরী দেবীর বাড়িতে কোন্ স্কুল ছিল ? সেখানে কে পড়াতেন ?

(গ) 'আমার জীবন' গ্রন্থটি প্রথম কোন্ সালে ছাপা হয় ? তখন রাসসুন্দরী দেবীর বয়স কত ছিল ?

(ঘ) "আমি তখন শিশু, মেজদাদা সিভিলিয়ন হয়ে দেশে ফিরেছেন।" রবীন্দ্রনাথের মেজদাদার নাম কী ? তাঁর স্ত্রী কে ছিলেন ?

(ঙ) রবীন্দ্রনাথ ছেলেবেলায় বিজ্ঞানের ভাসা ভাসা খবর কার কাছ থেকে পেতেন ? তাঁকে 'মুগ্ধবোধ ব্যাকরণ' কে মুখস্থ করিয়েছিলেন ?

(চ) 'ছেলেবেলা' গ্রন্থে চাকরদের ছোটোকর্তার নাম কী ? তার বাড়ি কোথায় ?

(ছ) স্বামী প্রজ্ঞানন্দের পূর্বনাম কী ? তিনি 'যুগান্তর' পত্রিকার সম্পাদকতায় যুক্ত হবার আগে কী বিষয় নিয়ে পড়ছিলেন ?

(Continued)

(জ) রেওয়ার রাজা বৈষ্ণব সাধুদের জন্য যে মঠ তৈরি করে দিয়েছিলেন সেখানে কোন্ কোন্ সম্প্রদায়ের বৈষ্ণব সাধুরা থাকতেন ?

(ঝ) বিবেকানন্দর কনিষ্ঠা ভগ্নীর নাম কী ? তাঁকে কে ইংরাজি শেখাতেন ?

(ঞ) বিবেকানন্দের দুই দিদির নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "পিসী বলিলেন, মা! ও কথা বলিয়া আর জ্বালাইও না, তিনি মরিয়াছেন, ঐ মরা নাম শুনিয়া আমার অতিশয় ভয় হইল।" প্রসঙ্গটির বিবরণ দাও।

(খ) দয়ামাধব কে ? 'আমার জীবন' গ্রন্থে রাসসুন্দরী দেবী এই দয়ামাধবের যে উল্লেখ করেছেন তার পরিচয় দাও।

(গ) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে চাকর ব্রজেশ্বরের একটি বিবরণ দাও।

(ঘ) "আমাদের বাড়িতে একদিন ডাকাতের খেলা দেখানো হয়েছিল।" লেখকের বক্তব্য অনুসরণে এই ডাকাতের খেলার বিবরণ দাও।

(ঙ) 'যুগান্তর' পত্রিকার সঙ্গে উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কীভাবে জড়িত হলেন তার একটি বর্ণনা দাও।

(চ) "বুঝিলাম, ভারত উদ্ধারের প্রথম পর্ব এইখানেই সমাপ্ত।" 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থ অবলম্বনে প্রাসঙ্গিক ঘটনার বিবরণ দাও।

(Turn Over)

(ছ) "নতমস্তকে এই নির্দেশ মেনে নেওয়া ছাড়া নরেন্দ্রর আর কোনো পথ ছিল না।" এখানে কার নির্দেশের কথা বলা হয়েছে? ঘটনাটির বিবরণ দাও।

(জ) বিবেকানন্দের জীবনে খেতড়ির মহারাজার অবদান সম্পর্কে সংক্ষেপে লেখো।

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) বিয়ের আগে পিতৃগৃহে রাসসুন্দরী দেবীর জীবন কীভাবে কেটেছিল তা বিশ্লেষণ করো।

(খ) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে রবীন্দ্রনাথের শৈশবশিক্ষার একটি পর্যালোচনা লেখো।

(গ) "এই ছাদের মরুভূমিতে তখন একটা ওয়েসিস দেখা দিয়েছিল।" তোমার পাঠ্য অংশ অবলম্বনে এই 'ওয়েসিস'-এর বিষয়টি বিশদ করো।

(ঘ) 'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে মাণিকতলা বাগানে বিপ্লবীদের কর্মকাণ্ডের একটি বিবরণ দাও।

(ঙ) 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থ অবলম্বনে বিবেকানন্দের মাতৃদেবী ভুবনেশ্বরী দেবীর বিষয়ে যা জান লেখো।

★★★